



লালমাটিয়া সরকারি মহিলা কলেজ
(কলেজ পারফরমেন্স র্যাংকিং-এ জাতীয় পর্যায়ে সেরা মহিলা কলেজ ও মডেল কলেজ)
আবাসিক/অনাবাসিক

ফোন : ০২-৪৮১২০৭৯২, ০২-৪৮১১৮৫৪৩ মোবাইল : ০১৫৫৯-০৮২১৫০
কলেজ কোড : ৬৪৪৭, ওয়েবসাইট : www.lalmatiamohilacollege.edu.bd

২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তির কার্যক্রমে অনলাইনে প্রাথমিক আবেদন ১৬/০৩/২০২০ থেকে ২৭/০৩/২০২০ খ্রি. তারিখ পর্যন্ত চলবে। এ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ২ মে ২০২০ তারিখ থেকে শুরু হবে।

ভর্তির যোগ্যতা: ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ থেকে ২০২০ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। এছাড়া আবেদনকারীর প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিচলুক বিষয়ে সনাতন পদ্ধতিতে ৪০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪০% নম্বর অথবা স্নাতক (পাস) পর্যায়ে ৪০০ নম্বরের পঠিত বিষয় হিসাবে থাকতে হবে এবং তাতে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে পঠিত বিষয়ে ২৪ ক্রেডিটের মধ্যে ন্যূনতম জিপিএ ২.০০ পেতে হবে।

আবেদন প্রক্রিয়া: আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions এর Masters Tab এ গিয়ে Apply Now (Masters Preli.) অপশনে ক্লিক করে ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে স্নাতক (পাস) পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাসের সন ও একটি নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। আবেদনকারীকে তথ্য ছকের নির্ধারিত স্থানে সঠিক Gender (Male/Female) এন্ট্রি দিতে হবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী ঢাকা বিভাগ ও ঢাকা জেলাস্থ লালমাটিয়া সরকারি মহিলা কলেজ সিলেক্ট করলে ভর্তি যোগ্য বিষয় ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সর্তকতার সাথে তার প্রার্থিত বিষয় নির্ধারণ করতে হবে। অতঃপর আবেদনকারীকে সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবি মাপ হবে 120 X 150 pixels, Image Type: Jpg এবং maximum file size : 50Kb. দ্বিত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি স্ক্যান করে আপলোড করতে হবে। সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে। বিস্তারিত জানা যাবে: জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) ও কলেজের ওয়েব সাইটে (www.lalmatiamohilacollege.edu.bd).

প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি রোল নম্বর পাওয়ার পর উক্ত রোল নম্বর ব্যবহার করে প্রাথমিক আবেদন ফি বাবদ নীট (চার্জ ব্যাতিত) ৩০০/- (তিনশত) টাকা মোবাইল ব্যাংকিং (বিকাশ ০১৭৫২০০৫০৭১) এর মাধ্যমে জমা দিতে হবে। বিকাশে টাকা পাঠানোর সময় রেফারেন্স নম্বরে তার ভর্তি রোল নম্বর দিতে হবে।

বিকাশ অ্যাপ দিয়ে যেভাবে পেমেন্ট করবেন:

- ১। বিকাশ অ্যাপ হোমস্ক্রিন থেকে পেমেন্ট সিলেক্ট করে লালমাটিয়া সরকারি মহিলা কলেজ এর বিকাশ নম্বর ০১৭৫২০০৫০৭১ টাইপ করুন।
- ২। টাকার পরিমাণ দিন ৩০০+৪ (বিকাশ চার্জ) ৩০৪ টাকা না দিলে পেমেন্ট সঠিক ধরা হবে না।
- ৩। রেফারেন্স হিসেবে প্রিলিমিনারী টু মাস্টার্স কোর্সের ভর্তি রোল নম্বর দিন। রোল নম্বর না দিলে পেমেন্ট সঠিক ধরা হবে না।
- ৪। পেমেন্ট বিকাশ সম্পন্ন করতে ট্যাপ করে কিছুক্ষণ ধরে রাখুন।

***২৪৭# ডায়াল করে যেভাবে পেমেন্ট বিকাশ করবেন:**


- ১। *২৪৭# ডায়াল করুন এবং মেন্যু থেকে ৪ চেপে পেমেন্ট বেছে নিন।
- ২। লালমাটিয়া সরকারি মহিলা কলেজের বিকাশ নম্বর ০১৭৫২০০৫০৭১ টাইপ করুন।
- ৩। আবেদন ফি বাবদ ৩০০+৪ (বিকাশ চার্জ) ৩০৪/- টাকা এন্ট্রি দিন।
- ৪। রেফারেন্স হিসেবে প্রিলিমিনারী টু মাস্টার্স কোর্সের ভর্তির রোল নম্বর দিন। রোল নম্বর না দিলে পেমেন্ট সঠিক ধরা হবে না।
- ৫। কাউন্টার নম্বর ১ লিখে আপনার বিকাশ অ্যাকাউন্ট এর পিন নম্বর দিয়ে সেভ করুন।

এছাড়াও কলেজে উপস্থিত হয়ে অনলাইনে আবেদন ফরম পূরণ ও জমা দেয়া যাবে।


যে সকল শিক্ষার্থী ৩০০/- টাকা জমা দিবে তাদের প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করা হবে। কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করা হলে শিক্ষার্থীদের মোবাইলে নিশ্চয়ন সংক্রান্ত SMS যাবে।

লালমাটিয়া সরকারি মহিলা কলেজের প্রিলিমিনারী টু মাস্টার্স বিষয়সমূহ :

- ১। বাংলা, ২। ইংরেজি, ৩। গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান, ৪। সমাজবিজ্ঞান, ৫। সমাজকর্ম, ৬। রাষ্ট্রবিজ্ঞান, ৭। অর্থনীতি, ৮। হিসাববিজ্ঞান ও ৯। ব্যবস্থাপনা।


অধ্যক্ষ

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা


২৫.৩.২০২০
197